



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৭ ডিসেম্বর ২০১৪

প্রেস বিজ্ঞপ্তি

মানিকছড়িতে চিংসামং চৌধুরীর হত্যার ঘটনায় ইউপিডিএফ জড়িত নয়

গতকাল শনিবার মানিকছড়িতে কলেজিয়েট হাই স্কুলের প্রধান শিক্ষক চিংসা মং চৌধুরীর মৃত্যুর ঘটনার সাথে ইউপিডিএফ-এর সংশ্লিষ্টতা নেই বলে আজ ৭ ডিসেম্বর ২০১৪ রবিবার সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে জানিয়েছেন ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা সমন্বয়ক প্রদীপন খীসা।

হত্যাকাণ্ডের সাথে ইউপিডিএফ'কে জড়িয়ে ঘটনার পর পরই মিছিল এবং পরের দিন (রবিবার) আরও সংঘবদ্ধ পরিকল্পিতভাবে কতিপয় চক্র ও সরকারি ছাত্র সংগঠনের পর পর মিছিল, উস্কানিমূলক শ্লোগান, ইট-পাটকেল নিক্ষেপ, দোকানপাট-ব্যবসা প্রতিষ্ঠান ভাংচুরসহ আক্রমণাত্মক ও মারমুখী কার্যকলাপের পেছনে স্পষ্টতই শাসকগোষ্ঠীর মদদ রয়েছে বলে মন্তব্য করেছেন ইউপিডিএফ নেতা। বিবৃতিতে তিনি আরও বলেন, পার্বত্য চট্টগ্রামে পাহাড়ীদের ওপর যখন সাম্প্রদায়িক হামলা, ভূমি বেদখল, নারী নির্যাতনের মত ঘটনা ঘটে, তখন মুখচেনা এ সমস্ত ব্যক্তিদের প্রতিবাদী তৎপরতা চোখে পড়ে না, প্রতিবাদমূলক মিছিল-মিটিং তো দূরের কথা। মাইসছড়িতে বৌদ্ধ ভিক্ষু নির্যাতন ও নারী ধর্ষণের ঘটনা ধামাচাপা দিতে এদেরই একটি অংশ কর্তৃক সংবাদ সম্মেলন আয়োজনের ন্যাকারজনক ঘটনার কথা মানুষের স্মৃতি থেকে এখনও মুছে যায় নি। চিংসা মং-এর অকাল মৃত্যুতে তারা আবার স্বমূর্তিতে আবির্ভূত হতে চাইছে।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা স্কুল শিক্ষক চিংসা মং চৌধুরীকে ইউপিডিএফ-এর একজন সমর্থক দাবি করে আরও বলেন, তার মৃত্যু অত্যন্ত দুঃখজনক। ঘটনা যে-ই করুক, তা নিন্দনীয়। কিন্তু উক্ত ঘটনাকে পুঁজি করে জল ঘোলা করা, সাম্প্রদায়িক জিগির তোলা এবং বিশেষ করে ইউপিডিএফ'কে দায়ি করে চিহ্নিত কতিপয় চক্রের জঙ্গী কর্মসূচি গ্রহণকে শাসকগোষ্ঠীর পরিকল্পনা বাস্তবায়ন ছাড়া অন্য কিছু বলা যায় না। ইউপিডিএফ'কে রাজনৈতিকভাবে মোকাবিলা করতে ব্যর্থ হয়ে সরকার ও প্রতিক্রিয়াশীল চক্র নানা ষড়যন্ত্র চক্রান্তে লিপ্ত, আন্তঃসাম্প্রদায়িক বিভেদ সৃষ্টিও তার একটি প্রধান অংশ। চিংসা মং-এর হত্যাকাণ্ডকে ভিন্নখাতে প্রবাহিত করে সরকার-প্রতিক্রিয়াশীল চক্র নিজেদের রাজনৈতিক উদ্দেশ্য হাসিল করতে উঠে পড়ে লেগেছে।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা ষড়যন্ত্রকারী স্বার্থাষেযীদের প্ররোচনায় বিভ্রান্ত না হতে এবং শাসকগোষ্ঠীর 'ভাগ করো শাসন করো' নীতির বিরুদ্ধে অবস্থান নিয়ে আন্তঃজাতিগত ঐক্য সংহতি বজায় রেখে অধিকার প্রতিষ্ঠার আন্দোলন জোরদার করতে সকলের প্রতি আহ্বান জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।